দৈনিক সংবাদ

তারিখ ... ... NOV 28 1999 ..
পৃষ্ঠা ৭ কলাম ৫ .....

67

# আজ সারাদেশে ডিগ্রি পরীক্ষা শুরু হচ্ছে

## ❑ প্রবেশপত্র না পেলে কেন্দ্র বা কলেজ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে পরীক্ষা দেয়া যাবে

নিজস্ব বার্তা পরিবেশক ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আজ রোববার থেকে সারাদেশে একযোগে ডিগ্রি (পাস ও সার্টিফিকেট) পরীক্ষা শুরু হচ্ছে। পরীক্ষা অনুষ্ঠানে সৃষ্ট অব্যবস্থা ইতোমধ্যে নিরসন করা হয়েছে। দেশের বিভিন্ন কলেজে পরীক্ষার্থীদের প্রবেশপত্র পাঠিয়ে দেয়া হয়েছে। এরপরও যেসব পরীক্ষার্থী প্রবেশপত্র পায়নি বা নিতে পারেনি তারা কলেজ কর্তৃপক্ষ বা পরীক্ষা কেন্দ্রের কর্মকর্তার অনুমতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে পরীক্ষার্থীকে পরীক্ষার ফরম জমা দেয়ার কলেজ রসিদ ও রেজিস্ট্রেশন কার্ড দেখাতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল শনিবার বিভিন্ন কলেজ কেন্দ্র ও জেলা প্রশাসকদের এক চিঠির মাধ্যমে একথা জানিয়েছেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানান, তথ্যগত অসঙ্গতির কারণে দেড় থেকে দুই হাজার পরীক্ষার্থীর প্রবেশপত্র নির্দিষ্ট সময়ে পাঠানো সম্ভব হয়নি। ঐসব পরীক্ষার্থীর পরীক্ষায় অংশ নিতে যাতে কোন অসুবিধা না হয় এজন্য এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আখতার আহমেদ চৌধুরী জানান, এবার কম্পিউটার পদ্ধতিতে উত্তরপত্র পূরণ করতে হবে। কম্পিউটারের ওএমআর পদ্ধতিতে পরীক্ষার্থীরা খাতায় রোল নম্বর লিখবে। অর্থাৎ রোল নম্বর অনুযায়ী শূন্যঘর পূরণ করতে হবে। গতবছর পরীক্ষায় এক বিষয়ে ফেল করে যারা এবার পরীক্ষা দিচ্ছে তাদেরকেও একইভাবে খাতায় রোল নম্বর লিখতে হবে। এসব ছাত্রছাত্রী এবার পরীক্ষায় পাস করলে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বিভাগ-বন্টন করা হবে। গতবছর এক বিষয়ে ফেল করেছে এমন পরীক্ষার্থীর সংখ্যা এবার ৪৩ হাজারের মতো। চলতি বছর ডিগ্রি পরীক্ষায় মোট ২ লাখ ৬৮ হাজার ৩শ' ৭৯ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছে। সারাদেশে ৫শ' ৮৮টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীদের মধ্যে ১ লাখ ৮৪ হাজার ৬৭ জন পুরুষ এবং ৮৪ হাজার ৩শ' ১২ জন মহিলা। চলতি বছর ১ লাখ ২৬ হাজার ৫শ' ৭১ জন বিএ, ৭৮ হাজার ৮শ' ৫৬ জন বিএসএস, ২০ হাজার ৭শ' ৫০ জন বিএসসি, ৩৯ হাজার ৯৫ জন বিকম, মিউজিক ৩০ এবং সার্টিফিকেট কোর্সে ৩ হাজার ৭৭ জন পরীক্ষা দেবে।

সুষ্ঠু, দুর্নীতি ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে ইতোমধ্যে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা ও প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে বলে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছেন।

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা সংক্রান্ত যেকোন তথ্য জানার জন্য অথবা কোন অসুবিধার সমাধানের জন্য টেলিফোনে তাদের সাথে যোগাযোগ করার পরামর্শ দিয়েছেন। টেলিফোন নম্বর হচ্ছে- ৯৮০০৬৫৬, ০১১৮৬৮৭৯৪, ৯৮০০৬৫৫, ০১৭৫৩৮০০৮, ০১৭৫৩৮০০৯, ০১৭৫৩৮০০১০, ৯৮০০৬৫১, ৯৮০০৬৫২, ৯১১০২৬১, ৮১১০২৯০, ৯০১০৮৯৪, ৯৮০০৬৫৮-৬২।